মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ডিসেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ভাইস চেয়াম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার তারিখ ও সময়ঃ ০৮ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ, ১১.০০ ঘটিকায়।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" এ সংযোজিত)

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী কোন সংশোধন/সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয়ঃ- ভিজিডি সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, প্রতি মাসে ৫৫.৪৭০ হারে ৬ মাসে ৩৩২.৮২ মে.ট পুষ্টি চাল ৮ টি ইউনিয়নে বিতরণ করা হয়েছে। এছাড়াও ১৮৪৯ জন ভাতাভোগীকে নিয়মিত স্বাস্থ্য সচেতনতা ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ প্রদানে সহযোগী এন.জি.ও হিসাবে অন্বেষণ কাজ করছে।

সিদ্ধান্তঃ- নিয়মিত চাল ও প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিষয়ঃ- ক্ষুদ্রঋণ সংক্রান্ত আলোচনা।

আলোচনা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, সদর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী ২০০০০০/- লক্ষ টাকার উর্দ্ধে ব্যাংকে স্থিতি থাকলে তা ক্রমপুঞ্জিত ঋণ হিসেবে বিতরণ করতে হবে। সে লক্ষে ঋণ নিতে ইচ্ছুক মহিলাদের নিকট হতে আবেদন আহবান করা হয়। নভেম্বর/২০২১ মাসে ঋণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ৩৫ জনকে ৩৫০০০০/- টাকা ঋণ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। APA এর চুক্তি অনুয়ায়ী ৫০ জনকে ঋণ দিতে হব। যেহেতু ব্যাংক এর পর্যাপ্ত অর্থ নেই তাই উক্ত বিতরণকৃত অর্থ হতে আদায়কৃত অর্থ আগামী ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস/২০২২ এ প্রশিক্ষিত নারীদের মাসে বিতরণ করা যেতে পারে বিষয়টি নিয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- ৮ই মার্চ ১৫ জনের মাঝে ১৫০০০০/- টাকা বিতরণের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিষয়ঃ- মাতৃত্বকাল ভাতা সংক্রান্ত আলোচনা।

আলোচনা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১২৯৭ জনের ৮০০/- টাকা হারে ৬২২৫৬০০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। যা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা বিতরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ- নিয়মিত ভাতা বিতরনের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(খাদিজা আক্তার)
ভাইস চেয়াম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।
তারিখঃ- ০৮/১২/২০২১ খ্রিঃ

স্মারক নং:-৩২.০১.৫৯২৪.০০০.৩৩.০০১.২০১৭-৩১৬(৩১)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১. উপজেলা নির্বাহী অফিসা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৩. চেয়াম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।

(রমজান আলী)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,
ও
সদস্য সচিব
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।